Islamic Religious Council of Singapore

Friday Sermon

19 April 2024 / 10 Syawal 1445H

রমযান পরবর্তী সময়েও উত্তম কর্মগুলি করার চর্চা অব্যাহত রাখা

الحَمْدُ لِلَّهِ الَّذِي خَلَقَ الإِنسَانَ فِي أَحْسَنِ تَقْوِيمٍ، وَأَمَرَنَا بِالتَّقْوَى وَالخُلُقِ الكَرِيمِ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ، اللَّهُمَّ صَلِّ وَسَلِّم عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَصَحْبِهِ أَجْمَعِينَ.

أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اتَّقُوا اللهَ حَقَّ تُقَاتِهِ وَلَا تَمُوتُنَّ إِلَّا وَأَنتُم مُسْلِمُونَ.

শুক্রবারের জুম্মায় আগত উপস্থিত সুধী,

আসুন, আমরা মহান আল্লাহ সুবহানাহু তা'আলার প্রতি আমাদের তাকওয়া বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রাখি। আমরা মহান আল্লাহ সুবহানাহুতা'আলার সকল আদেশ মেনে চলি এবং সকল নিষেধগুলি থেকে নিজেদেরকে দূরে রাখি। রমযান মাসে আমরা যে সমস্ত উন্নত মূল্যবোধগুলি মেনে চলতাম বা চর্চা করতাম সেগুলি যেন রমযান পরবর্তী সময়েও চালিয়ে যেতে পারি। আমীন!

সম্মানিত ভাই ও বোনেরা,

সময় কত দ্রুতই না চলে যায়! এটা ইতিমধ্যেই সাওয়াল মাসের দ্বিতীয় শুক্রবার। এই মাসে যেটা আমরা সবাই পালন করার চেষ্টা করি তা হলো আত্মীয় স্বজনের মধ্যে সম্পর্কের বন্ধন দৃঢ় করার লক্ষ্যে তাদেরকে একে অন্যের বাসায় গিয়ে দেখা করা । এটি একটি প্রশংসনীয় কাজ যা কিনা আত্মীয় স্বজনের সম্পর্কের

বন্ধন রক্ষার মত মহৎ একটি কাজে আমাদের নিষ্ঠার প্রতিফলনস্বরূপ এবং আমাদের এই কাজটি নিরন্তর চালিয়ে যাওয়া উচিত।

অতীতে জ্ঞানী ব্যাক্তিগণ সর্বদা চেষ্টা করতেন নিজেদের জীবন যাপন মূল্যবোধের দ্বারা পরিচালিত করতে এবং সে সব মূল্যবোধ মেনে তারা তাদের জীবন পরিচালিত করতেন এবং ভাল কাজ করে যেতেন। তারপরেও তাঁদের মনে হতো হয়তো তাঁদের কাজে মহান আল্লাহ সুবহানাহু তা আলা সন্তুষ্ট নন। আসুন সুরা আল মুমিনিনের ৬০ এবং ৬১ নম্বর আয়াতে এ ব্যাপারে মহান আল্লাহ সুবহানাহু তা আলা কি বলেছেন, আমরা দেখি।

وَٱلَّذِينَ يُؤْتُونَ مَآ ءَاتَوا۟ وَّقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَىٰ رَبِّهِمْ رَٰجِعُونَ ٦٠
أُو۟لَـٰٓئِكَ يُسَـٰرِعُونَ فِى ٱلْخَيْرَٰتِ وَهُمْ لَهَا سَـٰبِقُونَ ٦١

অর্থঃ *এবং যাদের যা দান করার তারা তা ভীত কম্পিত হৃদয়ে করে থাকে এই কারণে যে তাদেরকে তাদের পালনকর্তার নিকট প্রত্যাবর্তন করতে হবে। তারাই দ্রুত কল্যাণ অর্জন করে এবং তারা তাতে অগ্রগামী।*

এমনই ছিল তাঁদের সাধনা যাঁরা মহান আল্লাহ সুবহানাহু তা'আলায় বিশ্বাস করতেন এবং ভাল কাজ করতেন। তাঁরা মহান আল্লাহ সুবহানাহু তা'আলার ক্ষমা প্রাপ্তির জন্য যে কোন রকম ভাল কাজ করতে পারেন তা-ই করতে সচেষ্ট হতেন। তাঁরা ভয় পেতেন এই ভেবে যে, মহান আল্লাহ সুবহানাহু তা'আলার কাছ থেকে পাওয়া ক্ষণিকের এই জীবন হয়তো বৃথা হয়ে যাবে যদি তাঁদের কাজ মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কর্তৃক গ্রহীত বা স্বীকৃত না হতো।

সম্মানিত ভাই ও বোনেরা,

আজ এখানে উপস্থিত সকলের প্রতি আমি বিনীত অনুরোধ জানাই আপনারা মনে করার চেষ্টা করে দেখেন যে বিগত রমযান মাসের ইবাদত এবং ভাল কাজগুলির মাধুর্যের কথা। আমরা কি মহান আল্লাহ সুবহানাহু

তা'আলা কর্তৃক প্রতিশ্রুত পুরষ্কারগুলি পাওয়ার জন্য রমযান মাসের শুরু থেকে যত্নের সঙ্গে প্রচেষ্টা চালিয়ে যাই নাই? আমরা কি ক্বদরের রাতের রহমত লাভের জন্য রমযানের শেষ দশ দিন আমাদের ইবাদত ও ভাল কাজ আরো প্রবলভাবে করার চেষ্টা করি নাই? মসজিদগুলিতে কাতারে কাতারে জামাতে শরিক হওয়ার জন্য এবং পৃথিবীর বিভিন্ন দেশে আমাদের মুমিন ভাই বোনদের নির্মানবিক কষ্ট দূর করার লক্ষ্যে দোয়া করার জন্য নামাজীর সংখ্যাও অনেক বেড়ে গিয়েছিল।

মসজিদভিত্তিক কর্মকাণ্ড ও নামাজের বাইরেও আমরা কি দেখিনি আমাদের মধ্যে কত মানুষ অর্থনৈতিকভাবে দুর্বল মানুষের সাহায্যে এগিয়ে এসেছিলেন? তাদের সাহায্যে কত মানুষ অর্থদান করেছেন! আলহামদুলিল্লাহ! আমাদের সাধ্যের মধ্যে যতটুকু সম্ভব সেইটুকু কাজ করতে পারার জন্য আমরা মহান আল্লাহ সুবহানাহু তা'আলার নিকট শুকরিয়া জানাই।

তবে প্রশ্ন হলো, এই ভাল কাজগুলি কি কেবল রমযান মাসে করার মধ্যেই সীমাবদ্ধ রাখতে হবে? মহান আল্লাহ সুবহানাহু তা'আলা কি কেবল রমযান মাসে ভাল কাজ করলেই আমাদেরকে পুরস্কৃত করেন? এর উত্তর হলো নিশ্চয়ই না। মহান আল্লাহ সুবহানাহু তা'আলা চান আমরা সারা বছর ভাল কাজ করি কারণ তিনি পছন্দ করেন আমরা যেন এই ইবাদতগুলি সারা বছর পালন করে যাই।

নবী করিম (সঃ) বলেছেন,

إِنَّ أَحَبَّ الأَعْمَالِ إِلَى اللَّهِ مَا دُووِمَ عَلَيْهِ وَإِنْ قَلَّ

অর্থঃ "মহান আল্লাহ সুবহানাহু তা আলা আমাদের সেইসব কাজ পছন্দ করেন যা আমরা নিয়মিত করে থাকি তা যত সামান্যই হোক না কেন"। (ইমাম মুসলিম কর্তৃক বর্ণিত হাদীস)

সম্মানিত ভাই ও বোনেরা,

যদি আমরা আন্তরিকভাবে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার করুণা ও সন্তুষ্টি চাই, তাহলে আমাদেরকে অবশ্যই সারা জীবন ধরে মহৎ মূল্যবোধসমূহের চর্চা ও তা বাস্তবে রূপ দেয়ার চেষ্টা অব্যাহত রাখতে হবে, এবং ভাল কাজ করে যেতে হবে।

কাজেই, আসুন আমরা সবাই ইবাদত ও ভাল কাজ করার চেষ্টা অব্যাহত রাখি। আসুন প্রার্থনা করি নিজেদের জন্য, আমাদের পরিবার পরিজন, বন্ধু ও পরিচিতজনদের জন্য, এবং আমাদের সেই সব ভাই বোনদের জন্য যারা বিপদে আছেন। আমরা যেন কখনই আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার সাহায্য লাভের আশা ত্যাগ না করি, কারণ, তিনি প্রতিটি আবেদন শুনেন, আমাদের অন্তরের প্রতিটি দীর্ঘশ্বাসের কথা জানেন, এবং তিনি আমাদের প্রার্থনা কতটা আন্তরিক তা জানেন। আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা নিশ্চয়ই যথাসময়ে এবং উপযুক্ত পরিস্থিতিতে আমাদের প্রার্থনা কবুল করবেন এবং আমাদের ইচ্ছা পূরণ করবেন।

আমার ভাই ও বোনেরা, আসুন আমরা দান করা অব্যাহত রাখি এবং যারই প্রয়োজন তার প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দেই। আসুন আমরা আমাদের চারপাশের সকলের জন্য উপকার করার প্রচেষ্টা দিয়ে আমাদের জীবনকে পরিপূর্ণ করি, কারণ সেটাই হল একজন বান্দার শ্রেষ্ঠ এবং সবচেয়ে প্রশংসনীয় বৈশিষ্ট্য যেমনটি আমাদের নবীজী (সঃ) আমাদেরকে স্মরণ করিয়েছিলেনঃ "তোমাদের মধ্যে তারাই শ্রেষ্ঠ যারা অপরের উপকার করে থাকে"। (ইমাম আল-তাবরানি বর্ণিত হাদিস)

সম্মানিত মুসলমানবৃন্দ,

আমাদের মধ্যে প্রেত্যেকেই আমরা চাই এই জীবনে এবং পরকালে সাফল্যমন্ডিত হতে। তাই, গত রমযান মাসে আমরা যে সমস্ত ইবাদত ও ভাল কাজগুলি করেছি সেগুলি নিয়মিত করা অব্যাহত রাখি। মহান আল্লাহ ্সুবহানাহু তা'আলা সুরা ফুসসিলাত-এর ৩০ নম্বর আয়াতে বলেছেন,

إِنَّ ٱلَّذِينَ قَالُواْ رَبُّنَا ٱللَّهُ ثُمَّ ٱسْتَقَٰمُواْ تَتَنَزَّلُ عَلَيْهِمُ ٱلْمَلَٰٓئِكَةُ أَلَّا تَخَافُواْ وَلَا تَحْزَنُواْ وَأَبْشِرُواْ بِٱلْجَنَّةِ ٱلَّتِى كُنتُمْ تُوعَدُونَ ٣٠

অর্থঃ যাঁরা বলেন, মহান আল্লাহ সুবহানাহু তা’আলা আমাদের প্রতিপালক এবং অতঃপর সে কথার ওপর সুদৃঢ় থাকেন, ফেরেশতারা তাঁদের নিকট অবতীর্ণ হয় আর বলে, তোমরা ভয় কোরো না, চিন্তা কোরো না আর জান্নাতের সুসংবাদ গ্রহণ করো যার প্রতিশ্রুতি তোমাদেরকে দেয়া হয়েছে”।

মহান আল্লাহ সুবহানাহু আমাদের সকল ভাল কাজ গ্রহণ করুন এবং যারা সৎ পথে পরিচালিত আছেন আমাদেরকে তাদের সঙ্গে রাখুন যাঁরা মহান আল্লাহ সুবহানাহু তা’আলা কর্তৃক আশীর্বাদপ্রাপ্ত ও যাঁদের ভাল কাজ আল্লাহ সুবহানাহু তা’আলা কর্তৃক গৃহীত হয়েছে। আমীন! ইয়া বাব্বাল আলামীন!

أَقُوْلُ قَوْلِي هَذَا وَأَسْتَغْفِرُ اللهَ العَظِيْمَ لِي وَلَكُمْ، فَاسْتَغْفِرُوهُ إِنَّهُ هُوَ الغَفُوْرُ الرَّحِيْم

SECOND SERMON

الحَمْدُ للهِ حَمْدًا كَثِيرًا كَمَا أَمَرَ، وَأَشْهَدُ أَن لَا إِلَهَ إِلَّا اللهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ سَيِّدَنَا مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِهِ وَأَصْحَابِهِ أَجْمَعِينَ. أَمَّا بَعْدُ، فَيَا عِبَادَ اللهِ، اِتَّقُوا اللهَ تَعَالَى فِيمَا أَمَرَ، وَانتَهُوا عَمَّا نَهَاكُم عَنْهُ وَزَجَرَ.

أَلَا صَلُّوا وَسَلِّمُوا عَلَى النَّبِيِّ الْمُصْطَفَى، فَقَدْ أَمَرَنَا اللهُ بِذَلِكَ حَيْثُ قَالَ فِي كِتَابِهِ العَزِيزِ: إِنَّ اللهَ وَمَلَائِكَتَهُ يُصَلُّونَ عَلَى النَّبِيِّ يَا أَيُّهَا الَّذِينَ ءَامَنُوا صَلُّوا عَلَيهِ وَسَلِّمُوا تَسْلِيمًا. اللَّهُمَّ صَلِّ وَسَلِّمْ وَبَارِكْ عَلَى سَيِّدِنَا مُحَمَّدٍ وَعَلَى آلِ سَيِّدِنَا مُحَمَّدٍ.

وَارْضَ اللَّهُمَّ عَنِ الخُلَفَاءِ الرَّاشِدِينَ المَهْدِيِّينَ سَادَاتِنَا أَبِي بَكْرٍ وَعُمَرَ وَعُثْمَانَ وَعَلِيٍّ، وَعَن بَقِيَّةِ الصَّحَابَةِ وَالقَرَابَةِ وَالتَّابِعِينَ، وَتَابِعِي التَّابِعِينَ، وَعَنَّا مَعَهُم وَفِيهِم بِرَحْمَتِكَ يَا أَرْحَمَ الرَّاحِمِينَ.

اللَّهُمَّ اغْفِرْ لِلمُؤْمِنِينَ وَالمُؤْمِنَاتِ، وَالمُسْلِمِينَ وَالمُسْلِمَاتِ، الأَحْيَاءِ مِنهُم وَالأَمْوَاتِ. اللَّهُمَّ ادْفَعْ عَنَّا البَلَاءَ وَالوَبَاءَ وَالزَّلَازِلَ وَالمِحَنَ، مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ، عَن بَلَدِنَا خَاصَّةً، وَسَائِرِ البُلْدَانِ عَامَّةً، يَا رَبَّ العَالَمِينَ. اَللَّهُمَّ انْصُرْ إِخْوَانَنَا اْلمُسْتَضْعَفِيْنَ فِي غَزَّة وَفِي فِلَسْطِينَ وَفِيْ كُلِّ مَكَانٍ عَامَّةً، يَا أَرْحَمَ الرَّاحِمِينَ. اللَّهُمَّ بَدِّلْ خَوْفَهُمْ أَمْنًا، وَحُزْنَهُمْ فَرَحًا، وَهَمَّهُمْ

فَرَجًا، يَا رَبَّ العَالَمِينَ. رَبَّنَا آتِنَا فِي الدُّنيَا حَسَنَةً، وَفِي الآخِرَةِ حَسَنَةً، وَقِنَا عَذَابَ النَّارِ.

عِبَادَ اللهِ، إِنَّ اللهَ يَأْمُرُ بِالعَدْلِ وَالإِحْسَانِ وَإِيتَاءِ ذِي القُرْبَى، وَيَنْهَى عَنِ الفَحْشَاءِ وَالمُنكَرِ وَالبَغْيِ، يَعِظُكُمْ لَعَلَّكُمْ تذَكَّرُونَ، فَاذكُرُوا اللهَ العَظِيمَ يَذْكُرْكُمْ، وَاشْكُرُوهُ عَلَى نِعَمِهِ يَزِدْكُمْ، وَاسْأَلُوهُ مِن فَضْلِهِ يُعْطِكُم، وَلَذِكْرُ اللهِ أَكْبَرُ، وَاللهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ.